

প্রথম প্রাণো

// স্কলাসটিকার শিক্ষা সমাপনী অনুষ্ঠান //

স্কলাসটিকা স্কুলের 'ও' এবং 'এ' লেভেলের সমাপনী অনুষ্ঠান গতকাল বৃহস্পতিবার শেষ হয়েছে। চার দিনব্যাপী এই অনুষ্ঠানে স্কুলের উত্তরা ও মিরপুর শাখার ৫৭৬ জন শিক্ষার্থীকে সনদপত্র দেওয়া হয়।

উত্তরা ও মিরপুর ক্যাম্পাসে প্রতিষ্ঠিত এসটিএম মিলনায়তনে চার দিনব্যাপী এসব অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও অ্যাপেল গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী, ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম, ত্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৈয়দ সাদ আন্দালিব এবং অ্যাকশনএইডের কান্ট্রি ডিরেক্টর ও স্কলাসটিকার প্রথম ব্যাচের শিক্ষার্থী ফারাহ কবীর।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্কুলের পরিচালক ও সিওও ওয়াসিমা পারভীন, অ্যাডকম-এর ব্যবস্থাপনা পরিচালক ও স্কুলের সাবেক শিক্ষার্থী নাজিম ফারহান চৌধুরী ও জাগো ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা করতী রাখসান্দ। সভাপতিত্ব করেন উত্তরা সিনিয়র শাখার অধ্যক্ষ ত্রিগেডিয়ার জেনারেল (অব.) কায়সার আহমেদ ও মিরপুর শাখার প্রধান ফারাহ সোফিয়া আহমেদ।

সমাপনী অনুষ্ঠানে স্কুলের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

এ বছর স্কলাসটিকা তাদের ৪০ বছর পূর্তি উদ্‌যাপন করছে।
বিজ্ঞপ্তি

ASTD/140717